বৈষম্যমুক্ত আবাসন

সকলের জন্য সমান সুযোগ



মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন এবং নগরোন্নয়ন দপ্তর
অফিস অব ফেয়ার হাউজিং অ্যাণ্ড ইক্যুয়াল অপারচুনিটি

অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন: **www.hud.gov/fairhousing**

Bengali Version

EQUAL HOUSING OPPORTUNITY

বৈষম্যমুক্ত আবাসন - সকলের জন্য সমান সুযোগ

আমেরিকা সব দিক থেকে সকল ব্যক্তির জন্য সমান সুযোগের প্রতিনিধিত্ব করে। এই দেশের নাগরিকদের বৈচিত্র্যপূর্ণ সমৃদ্ধ এবং যে ঐক্যের মনোভাব আমাদের সকলকে একসূত্রে বেঁধে রেখেছে তা সেই স্বাধীনতা এবং ন্যায়বিচারের নীতিগুলির প্রতীক যার ওপর এই রাষ্ট্রের ভিত প্রতিষ্ঠিত। এই কারণে যখন বেআইনি বৈষম্যের ফলে নতুন অভিবাসী, সংখ্যালঘু জনগোষ্ঠী, শিশুসহ পরিবার এবং প্রতিবন্ধী ব্যক্তিদের পছন্দের আবাসন দেওয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়, তখন তা খুবই বিচলিত করে।

আবাসন এবং নগরোন্নয়ন দপ্তর অর্থাৎ ডিপার্টমেণ্ট অব হাউজিং অ্যাণ্ড আরবান ডেভেলপমেণ্ট (HUD) ফেয়ার হাউজিং অ্যাক্ট বলবৎ করে যা বৈষম্যমূলক আচরণ এবং গৃহে, অ্যাপার্টমেণ্ট বিল্ডিং-এ এবং কণ্ডোমিনিয়াম ডেভেলপমেণ্ট-এ -- অর্থাৎ আবাসন সংক্রান্ত প্রায় সব লেনদেনে যার অন্তর্ভুক্ত হল আবাসন ভাড়া দেওয়া এবং বিক্রি করা এবং বন্ধকী ঋণ পাইয়ে দেওয়া, ব্যক্তিকে ভীতি প্রদর্শন নিষিদ্ধ করে ।

রাষ্ট্রের ফেডারেল আবাসন নীতির মূল ভিত্তি হল ভাড়াভিত্তিক আবাসন এবং গৃহ মালিকানার সুযোগে সকলের সমান প্রবেশাধিকার। যেসব আবাসন পরিষেবা-প্রদানকারীরা জাতি, বর্ণ, জাতিগত উৎপত্তি, ধর্ম, লিঙ্গ, পারিবারিক অবস্থান অথবা প্রতিবন্ধকতার কারণে বাড়ি ভাড়া দেওয়ার অথবা বিক্রি করার প্রস্তাব প্রত্যাখ্যান করেন, তাঁরা ফেডারেল এর আইন লঙ্ঘন করছেন এবং HUD তাদের বিরুদ্ধে কঠোর হাতে আইন বলবৎকারী পদক্ষেপ গ্রহণ করবে।

আবাসন সংক্রান্ত বিষয়ে বৈষম্যমূলক আচরণ শুধু যে বেআইনি তাই নয়, এটি সব দিক থেকে স্বাধীনতা এবং সমান সুযোগের সেই নীতিগুলির পরিপন্থী যা আমেরিকার নাগরিক হিসেবে আমাদের কাছে অত্যন্ত মূল্যবান। HUD এটি নিশ্চিত করতে দায়বদ্ধ যাতে বাসস্থানের জন্য অনুসন্ধানকারী সকল ব্যক্তির সঙ্গে সমান আচরণ করা হয়।

বিষয়সূচি

ফেয়ার হাউজিং অ্যাক্ট 1
কী ধরনের আবাসন এর অন্তর্ভুক্ত?..... 1
কী নিষিদ্ধ? 1
যদি আপনার কোনো প্রতিবন্ধকতা থাকে, তাহলে অতিরিক্ত সুরক্ষা 3
শিশুসহ পরিবারগুলির জন্য আবাসন সুরক্ষা 4
যদি মনে করেন যে আপনার অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে 6
যখন আবেদন জমা দেন তখন কী হয়? 9
যদি উচ্ছেদ অথবা বিক্রয়ের মাধ্যমে আমি আমার আবাসন হারাই, তাহলে কী হবে?.....10
অভিযোগের তদন্ত করার পরে কী হবে? 11
এছাড়াও 13

U.S. Department of Housing and Urban Development (HUD)
451 7th Street, S.W., Washington, D.C. 20410-2000

ফেয়ার হাউজিং অ্যাক্ট

বৈষম্যমুক্ত আবাসন আইন অর্থাৎ ফেয়ার হাউজিং অ্যাক্ট নিম্নলিখিত কারণে আবাসন সংক্রান্ত বিষয়ে বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করে:

- জাতি অথবা বর্ণ
- জাতিগত উৎপত্তি
- ধর্ম
- লিঙ্গ
- পারিবারিক অবস্থান (যার অন্তর্ভুক্ত হল পিতা-মাতার সঙ্গে 18 বছরের কমবয়সী শিশুদের বসবাস অথবা আইনসম্মত অভিভাবক; গর্ভবতী মহিলা এবং যেসব ব্যক্তি 18 বছরের কমবয়সী শিশুদের দেখাশোনার দায়িত্ব নিয়েছেন)
- প্রতিবন্ধকতা

কী ধরনের আবাসন এর অন্তর্ভুক্ত?

অধিকাংশ আবাসনই ফেয়ার হাউজিং অ্যাক্ট এর অন্তর্ভুক্ত। কোনো কোনো পরিস্থিতিতে চারটি ইউনিটের অধিক নয় এমন ভবনে মালিক নিজে বসবাস করলে, একটি পরিবারের জন্য নির্দিষ্ট আবাসন ব্রোকারের সাহায্য না নিয়ে বিক্রি করলে অথবা ভাড়া দিলে, প্রতিষ্ঠান এবং প্রাইভেট ক্লাব পরিচালিত যেসব আবাসনে সদস্যদের সংখ্যা সীমিত রাখা হয়, সেসব ক্ষেত্রগুলিতে এই আইনে ছাড় দেওয়া আছে।

কী নিষিদ্ধ?

আবাসন বিক্রয় এবং ভাড়া দেওয়ার ক্ষেত্রে: কেউ জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির কারণে নিম্নলিখিত পদক্ষেপগুলির মধ্যে যে কোনোটি নিতে পারবেন না:

- আবাসন ভাড়া দেওয়ার অথবা বিক্রির প্রস্তাব প্রত্যাখ্যান করা
- আবাসনের জন্য আপস-আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান করা
- আবাসন অলভ্য করে দেওয়া
- অন্য কোনোভাবে একটি বাসস্থান দিতে অস্বীকার করা
- একটি বাসস্থান বিক্রি অথবা ভাড়া দেওয়ার জন্য বিভিন্ন শর্তাবলী অথবা অগ্রাধিকার ইত্যাদি জারি করা
- বিভিন্ন ধরনের আবাসন পরিষেবা অথবা সুযোগ-সুবিধা দেওয়া
- আবাসনটি যে পরিদর্শন করা যাবে, বিক্রি অথবা ভাড়া দেওয়া হবে তা মিথ্যা বলে প্রত্যাখ্যান করা

- লাভের জন্য গৃহের মালিককে এই বলে বাসস্থান বিক্রি করতে অথবা ভাড়া দিতে রাজি করানো অথবা রাজি করানোর চেষ্টা করা যে কোনো একটি বিশেষ জাতির মানুষ ইত্যাদি প্রতিবেশের এলাকায় বসবাসের জন্য আসছেন অথবা আসতে চলেছেন (ব্লকবাস্টিং) অথবা
- কোনো ব্যক্তিকে বাসস্থান ভাড়া দেওয়া অথবা বিক্রি সম্পর্কিত কোনো প্রতিষ্ঠান, সুযোগ-সুবিধা অথবা পরিষেবায় (যেমন একাধিক তালিকাভুক্তি পরিষেবা) প্রবেশাধিকার দিতে অথবা সদস্যপদ দিতে অথবা অংশগ্রহণ করতে দিতে অস্বীকার করা অথবা ওই ধরনের প্রবেশাধিকার, সদস্যপদ অথবা অংশগ্রহণের শর্তাবলীর ভিত্তিতে কোনো ব্যক্তির সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা।
-

বন্ধকী ঋণের ক্ষেত্রে: কেউ জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির কারণে নিম্নলিখিত পদক্ষেপগুলির মধ্যে যে কোনোটি নিতে পারবেন না:

- বন্ধকী ঋণ দেওয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করা
- ঋণ সংক্রান্ত তথ্য দেওয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করা
- ঋণের ওপর বিভিন্ন ধরনের শর্ত চাপানো যেমন বিভিন্ন সুদের হার, শর্ত অথবা ফি
- সম্পত্তির মূল্য নির্ধারণের ক্ষেত্রে বৈষম্য করা
- ঋণ ক্রয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করা অথবা
- ঋণ ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন শর্তাবলী জারি করা।

এছাড়াও, নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলি ফেয়ার হাউজিং অ্যাক্ট এর শর্ত লঙ্ঘন হিসেবে ধার্য হবে:

- বৈষম্যমুক্ত আবাসনের অধিকার প্রয়োগকারী অথবা অন্য যাঁরা সেই অধিকার প্রয়োগ করছেন তাঁদের সাহায্যকারীদের ভয় দেখানো, জোর করে বাধ্য করা, শাসানো অথবা তাঁদের কাজে হস্তক্ষেপ করা।
- কোনো বাসস্থান বিক্রয় অথবা ভাড়া দেওয়া সংক্রান্ত কোনো বিবৃতি দেওয়া, ছাপানো অথবা প্রকাশ করা যাতে জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির ওপর ভিত্তি করে পছন্দ, সীমাবদ্ধতা অথবা বৈষম্যমূলক আচরণের ইঙ্গিত আছে। বৈষম্যমূলক বিজ্ঞাপনের এই নিষিদ্ধকরণ একটি পরিবার এবং মালিকের দখলে থাকা এমন আবাসনের ক্ষেত্রে প্রযোজ্য যা ফেয়ার হাউজিং অ্যাক্ট বহির্ভূত।
- মালিক এবং/অথবা কোনো বাসস্থানে বসবাসকারী ব্যক্তির জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির ওপর ভিত্তি করে বাড়ির মালিকের বাসস্থানের বিমা করানোর অনুরোধ প্রত্যাখ্যান করা
- মালিক এবং/অথবা কোনো বাসস্থানে বসবাসকারী ব্যক্তির জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির ওপর ভিত্তি করে বাড়ির মালিকের বাসস্থানের বিমা করানোর শর্তাবলীর ক্ষেত্রে বৈষম্য করা
- মালিক এবং/অথবা বাসস্থানে বসবাসকারী ব্যক্তির জাতি ইত্যাদির কারণে বাড়ির মালিকদের জন্য বাড়ির বিমা করানোর যেসব বিভিন্ন বিকল্প উপায় আছে সেগুলির সম্পর্কে সম্পূর্ণ তথ্য দিতে অস্বীকার করা

- বাড়ির মালিকের বিমা সংস্থানের ব্যবস্থা সম্পর্কিত কোনো বিবৃতি দেওয়া, ছাপানো অথবা প্রকাশ করা যাতে জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা, পারিবারিক অবস্থান অথবা জাতিগত উৎপত্তির ওপর ভিত্তি করে পছন্দ, সীমাবদ্ধতা অথবা বৈষম্যমূলক আচরণের ইঙ্গিত আছে।

যদি আপনার কোনো প্রতিবন্ধকতা থাকে, তাহলে অতিরিক্ত সুরক্ষা

যদি আপনি অথবা আপনার সহযোগী কারো:

- এমন শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধকতা থাকে (যার অন্তর্ভুক্ত হল কানে শোনা, চলাফেরা এবং চোখে দেখার ক্ষেত্রে দুর্বলতা, ক্যান্সার, দীর্ঘমেয়াদি মানসিক ব্যাধি, এইচ.আই.ভি./ এইডস্ অথবা মানসিক বিকাশের ব্যাঘাত) যা জীবনের এক অথবা ততোধিক প্রধান ক্রিয়াকলাপকে যথেষ্ট পরিমাণে সীমাবদ্ধ করে
- এই ধরনের প্রতিবন্ধকতার ইতিহাস থাকে অথবা
- এই ধরনের প্রতিবন্ধকতা আছে বলে গণ্য করার কারণে আবাসন প্রদানকারী যা করতে পারেন না:
  - যদি আবাসন সম্পূর্ণ ব্যবহার করার জন্য প্রয়োজন হয়, তাহলে নিজের খরচে আপনার বাসস্থানের অথবা সাধারণের ব্যবহার্য এলাকার যুক্তিসম্মত ছোটখাট পরিবর্তনসাধন করার অনুমোদন দিতে অস্বীকরা করা। (যেখানে যুক্তিসম্মত বলে মনে হবে সেখানে একজন বাড়ির মালিক পরিবর্তনের অনুমতি তখনই দিতে পারেন যখন আপনি বাড়ি ছেড়ে গেলে সম্পত্তিটিকে পূর্বের অবস্থায় ফিরিয়ে দিতে রাজি হবেন।)
  - যদি প্রতিবন্ধকতা নেই এমন ব্যক্তিদের সঙ্গে সমানভাবে আপনার আবাসন ব্যবহার করার প্রয়োজন হয়, তাহলে বিধি, নীতি, কর্মপদ্ধতি অথবা পরিষেবার ক্ষেত্রে যুক্তিসম্মত ছোটখাট পরিবর্তনের অনুমতি দিতে অস্বীকার করা।

উদাহরণ: যদি কোনো ভবনে "পোষা পশুপাখি না রাখা"র নীতি থাকে, তাহলেও সেখানে চোখে দেখার ক্ষেত্রে দুর্বলতা আছে এমন কোনো ব্যক্তিকে পথনির্দেশক কুকুর রাখতে দিতে হবে।

উদাহরণ: যদি কোনো অ্যাপার্টমেণ্ট কমপ্লেক্স-এ ভাড়াটেদের গাড়ি রাখার জন্য সুপ্রচুর, অনির্দিষ্ট স্থান দেওয়া হয়, সেখানে কোনো ভাড়াটের চলফেরার ক্ষেত্রে অসুবিধা থাকলে তাঁর অ্যাপার্টমেণ্ট এর কাছে তাঁর জন্য গাড়ি রাখার একটি স্থান নির্দিষ্ট করে দেওয়ার প্রয়োজন হতে পারে যাতে তিনি সহজে অ্যাপার্টমেণ্ট-এ প্রবেশ করতে পারেন। তবে, ফেয়ার হাউজিং অ্যাক্ট এমন ব্যক্তিকে সুরক্ষা দেয় না যিনি অন্যদের স্বাস্থ্য অথবা নিরাপত্তার ক্ষেত্রে সরাসরি ঝুঁকি সৃষ্টি করতে পারেন অথবা যিনি বর্তমানে বেআইনি মাদকদ্রব্য ব্যবহার করেন।

একাধিক পরিবারের জন্য তৈরি নতুন ভবনগুলিতে প্রবেশাধিকার সংক্রান্ত শর্তাবলী: চার অথবা তার চেয়ে বেশি ইউনিটবিশিষ্ট ভবন যেগুলিতে 13 মার্চ 1991 এর পরে প্রথম বসবাস শুরু হয় এবং যাতে লিফট আছে:

- জনসাধারণ এবং সাধারণের ব্যবহার্য এলাকাগুলিকে অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তিদের প্রবেশের সুযোগ দিতে হবে
- সব দরজা এবং হলঘর হুইলচেয়ার প্রবেশ করানোর পক্ষে যথেষ্ট প্রশস্ত হতে হবে
- সব ইউনিটগুলিতে অবশ্যই:
  - ইউনিটে প্রবেশ এবং ইউনিটের মধ্যে দিয়ে একটি প্রবেশযোগ্য পথ থাকতে হবে
  - এমন আলোর সুইচ, বৈদ্যুতিক আউটলেট, থার্মোস্ট্যাট এবং অন্যান্য পরিবেশ নিয়ন্ত্রণকারী ব্যবস্থা থাকতে হবে যা সহজগম্য
  - স্নানাগারের দেওয়াল যথেষ্ট শক্ত হতে হবে যাতে পরবর্তীতে আঁকড়ে ধরার বার লাগানো যায় এবং
  - রান্নাঘর এবং স্নানাগার এমন হতে হবে যা হুইলচেয়ারে ঘোরেন এমন ব্যক্তিরা ব্যবহার করতে পারেন।

যদি চার অথবা ততোধিক ইউনিটবিশিষ্ট একটি ভবনে লিফট না থাকে এবং সেই ভবনে প্রথম বসবাস 13 মার্চ 1991 এর আগে শুরু হয়, তাহলে এই মানদণ্ডগুলি শুধু একতলার ইউনিটগুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

একাধিক পরিবারের জন্য তৈরি এই নতুন ভবনগুলির জন্য সহজগম্যতার এই শর্তগুলি স্টেট অথবা স্থানীয় আইন অনুসারে যদি সহজগম্যতার আরও কঠোর মান নির্দিষ্ট করা থাকে, তাহলে সেগুলিকে প্রতিস্থাপন করবে না।

শিশুসহ পরিবারগুলির জন্য আবাসন সুরক্ষা

ফেয়ার হাউজিং অ্যাক্ট অনুযায়ী 18 বছরের কমবয়সী এক অথবা একাধিক শিশু আছে এমন কোনো পরিবারের কর্তার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ বেআইনি। পারিবারিক অবস্থান সুরক্ষার অন্তর্ভুক্ত সেই সব পরিবার যেখানে এক অথবা একাধিক অপ্রাপ্তবয়স্ক শিশু এদের সঙ্গে বাস করে:

- একজন পিতা বা মাতা;
- একজন ব্যক্তি যিনি অপ্রাপ্তবয়স্ক শিশু অথবা শিশুদের তত্ত্বাবধানের আইনসম্মত দায়িত্ব পেয়েছেন (অভিভাবকত্বও এর অন্তর্ভুক্ত); অথবা
- পিতা-মাতা অথবা আইনসম্মত অভিভাবকের লিখিত অনুমতিসহ পিতা-মাতা অথবা আইনসম্মত অভিভাবকের মনোনীত প্রতিনিধি। পারিবারিক অবস্থান সুরক্ষার পরিধি গর্ভবতী মহিলা এবং একটি অপ্রাপ্তবয়স্ক শিশুর তত্ত্বাবধানের আইনসম্মত দায়িত্ব পেতে চলেছেন এমন যে কোনো ব্যক্তি পর্যন্ত বিস্তৃত (এর অন্তর্ভুক্ত হলেন দত্তক গ্রহণকারী অথবা প্রতিপালনকারী পিতা-মাতা)।

"বয়স্ক ব্যক্তিদের জন্য আবাসন" এর ক্ষেত্রে ছাড়: ফেয়ার হাউজিং অ্যাক্ট অনুসারে বয়স্ক ব্যক্তিদের কিছু কিছু আবাসন ব্যবস্থা এবং কমিউনিটি পারিবারিক অবস্থান সুরক্ষা থেকে নির্দিষ্টভাবে ছাড়প্রাপ্ত। বয়স্কদের আবাসন ব্যবস্থা অথবা কমিউনিটি আইনসম্মতভাবে অপ্রাপ্তবয়স্ক শিশু আছে এমন পরিবারের কাছে বাসস্থান বিক্রি করতে অথবা ভাড়া দিতে অস্বীকার করতে পারে। "বয়স্ক ব্যক্তিদের আবাসনের" জন্য এই ছাড় পাওয়ার যোগ্য হতে হলে, একটি ব্যবস্থা অথবা কমিউনিটিকে অবশ্যই প্রমাণ করতে হবে যে তার আবাসনটি:

- এমন স্টেট অথবা ফেডারেল কর্মসূচির অধীনে দেওয়া হয়েছে যা HUD এর নির্ধারণ অনুসারে বয়স্ক ব্যক্তিদের সহায়তা দেওয়ার জন্য নির্দিষ্ট নকশা এবং পরিচালন পদ্ধতি অনুযায়ী তৈরি (স্টেট অথবা ফেডারেল কর্মসূচির সংজ্ঞা অনুসারে); অথবা
- 62 বছর অথবা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য তৈরি এবং শুধু তাঁরাই সেখানে বসবাস করেন; অথবা
- 55 বছর অথবা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য তৈরি এবং পরিচালিত।

"55 অথবা তার বেশি বয়সী" ব্যক্তিদের আবাসন হিসেবে ছাড় পাওয়ার যোগ্য হতে হলে, একটি ব্যবস্থা অথবা কমিউনিটিকে অবশ্যই নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে:

- ইউনিটগুলির কমপক্ষে 80 শতাংশে অবশ্যই কমপক্ষে এমন একজন বাসিন্দা থাকতে হবে যাঁর বয়স 55 বছর অথবা তার বেশি; এবং
- সেই ব্যবস্থা অথবা কমিউনিটিকে অবশ্যই এমন নীতি ও পদ্ধতি প্রকাশ করতে হবে এবং মেনে চলতে হবে যাতে তাদের "55 অথবা তার বেশী বয়সী"দের একটি আবাসন পরিচালনার অভিপ্রায় প্রদর্শিত হয়; এবং
- সেই ব্যবস্থা অথবা কমিউনিটি অবশ্যই বাসিন্দাদের বয়সের সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে HUD এর নিয়ামক শর্তাবলী মেনে চলবে

"বয়স্ক ব্যক্তিদের জন্য তৈরি আবাসনের" ওপর ছাড় বয়স্কদের আবাসন ব্যবস্থা অথবা কমিউনিটিকে জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধকতা অথবা জাতিগত উৎপত্তির ওপর ভিত্তি করে আবাসন বিষয়ে বৈষম্যের ক্ষেত্রে দায়বদ্ধতা থেকে সুরক্ষা দেয় না।

আবাসন সংক্রান্ত বৈষম্য নিয়ে কোনো সমস্যা হলে HUD সাহায্য করার জন্য প্রস্তুত। যদি মনে করেন যে আপনার অধিকাগুলি লঙ্ঘন করা হয়েছে, তাহলে আপনি অনলাইন-এ, চিঠি লিখে অথবা আপনার নিকটতম অফিসে টেলিফোন করে অভিযোগ দায়ের করতে পারেন। HUD এর কাছে অভিযোগ দায়ের করার জন্য যে বৈষম্যের ঘটনা সম্পর্কে অভিযোগ জানানো হচ্ছে তা ঘটার অথবা সমাপ্ত হওয়ার পর থেকে আপনার হাতে এক বছর সময় থাকবে, তবে আপনি অবশ্যই যত শীঘ্র সম্ভব এই অভিযোগটি দায়ের করার চেষ্টা করবেন।

যদি মনে করেন যে আপনার অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে

HUD-কে কী বলবেন:

- আপনার নাম এবং ঠিকানা
- আপনি যে ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ জানাচ্ছেন তাঁর নাম এবং ঠিকানা (বিবাদী পক্ষ)
- সংশ্লিষ্ট আবাসনের ঠিকানা অথবা শনাক্তকরণের অন্যান্য উপায়
- যে অধিকার লঙ্ঘনের বিষয়ে অভিযোগ জানানো হচ্ছে তার একটি সংক্ষিপ্ত বর্ণনা (যে ঘটনা থেকে আপনার মনে হয়েছে যে আপনার অধিকারগুলি লঙ্ঘন করা হয়েছে)
- অধিকার লঙ্ঘনের যে ঘটনা সম্পর্কে অভিযোগ জানানো হচ্ছে তার তারিখ।

কোথায় লিখবেন অথবা টেলিফোন করবেন: অনলাইন-এ অভিযোগ দায়ের করুন, অথবা আপনার নিকটতম HUD অফিসে চিঠি লিখুন, অথবা যদি চান, আপনি ওই অফিসে সরাসরি টেলিফোন করতে পারেন। যাঁরা বধির অথবা কানে কম শোনেন এবং TTY ব্যবহার করেন, তাঁরা ফেডারেল ইনফরমেশন রিলে সার্ভিস্ এর শুল্কহীন 1-800-877-8339 নম্বরে ওই অফিসগুলিতে টেলিফোন করতে পারেন।

কানেটিকাট, মেইন, ম্যাসাচুসেটস্, নিউ হ্যাম্পশায়ার, রোড আইল্যাণ্ড এবং ভারমণ্ট এর জন্য:

বোস্টন আঞ্চলিক অফিস

(Complaints_office_01@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Thomas P. O'Neill Jr. Federal Building
10 Causeway Street, Room 321
Boston, MA 02222-1092
টেলিফোন (617) 994-8300 অথবা 1-800-827-5005
ফ্যাক্স (617) 565-7313 * TTY (617) 565-5453

নিউ জার্সি, নিউ ইয়র্ক, পুয়ের্টো রিকো এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন আইল্যাণ্ডস্ এর জন্য:

নিউ ইয়র্ক আঞ্চলিক অফিস

(Complaints_office_02@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
26 Federal Plaza, Room 3532
New York, NY 10278-0068
টেলিফোন (212) 542-7519 অথবা 1-800-496-4294
ফ্যাক্স (212) 264-9829 * TTY (212) 264-0927

ডেলাওয়্যার, ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া, মেরিল্যাণ্ড, পেনসিলভ্যানিয়া, ভার্জিনিয়া এবং ওয়েস্ট ভার্জিনিয়ার জন্য:

ফিলাডেলফিয়া আঞ্চলিক অফিস

(Complaints_office_03@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
The Wanamaker Building
100 Penn Square East
Philadelphia, PA 19107-9344
টেলিফোন (215) 861-7646 অথবা 1-888-799-2085
ফ্যাক্স (215) 656-3449 * TTY (215) 656-3450

অ্যালাবামা, ফ্লোরিডা, জর্জিয়া, কেনটাকি, মিসিসিপি, নর্থ ক্যারোলাইনা, সাউথ ক্যারোলাইনা এবং টেনেসি'র জন্য:

অ্যাটলাণ্টা আঞ্চলিক অফিস

(Complaints_office_04@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Five Points Plaza
40 Marietta Street, 16th Floor
Atlanta, GA 30303-2808
টেলিফোন (404) 331-5140 অথবা 1-800-440-8091 x2493
ফ্যাক্স (404) 331-1021 * TTY (404) 730-2654

ইলিনয়, ইণ্ডিয়ানা, মিশিগান, মিনেসোটা, ওহাইও এবং উইসকনসিন এর জন্য:

শিকাগো আঞ্চলিক অফিস

(Complaints_office_05@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Ralph H. Metcalfe Federal Building
77 West Jackson Boulevard, Room 2101
Chicago, IL 60604-3507
টেলিফোন 1-800-765-9372
ফ্যাক্স (312) 886-2837 * TTY (312) 353-7143

অ্যারকানসাস্, লুইজিয়ানা, নিউ মেক্সিকো, ওকলাহোমা এবং টেক্সাস এর জন্য:

ফোর্টওয়ার্থ আঞ্চলিক অফিস

(Complaints_office_06@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
801 Cherry Street
Suite 2500, Unit #45
Fort Worth, TX 76102-6803
টেলিফোন (817) 978-5900 অথবা 1-888-560-8913
ফ্যাক্স (817) 978-5876/5851 * TTY (817) 978-5595

আইওয়া, ক্যানসাস্, মিসৌরি এবং নেব্রাস্কা'র জন্য:

ক্যানসাস্ সিটি আঞ্চলিক অফিস

(Complaints_office_07@hud.gov)
U.S. Department of Housing and Urban Development Gateway Tower II
400 State Avenue, Room 200, 4th Floor
Kansas City, KS 66101-2406
টেলিফোন (913) 551-6958 অথবা 1-800-743-5323
ফ্যাক্স (913) 551-6856 * TTY (913) 551-6972

কলোরাডো, মণ্টানা, নর্থ ডাকোটা, সাউথ ডাকোটা, উটাহ্ এবং উওমিং এর জন্য:

ডেনভার আঞ্চলিক অফিস

(Complaints_office_08@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
1670 Broadway
Denver, CO 80202-4801
টেলিফোন (303) 672-5437 অথবা 1-800-877-7353
ফ্যাক্স (303) 672-5026 * TTY (303) 672-5248

অ্যারিজোনা, ক্যালিফোর্নিয়া, হাওয়াই এবং নেভাদা'র জন্য:

স্যানফ্র্যান্সিসকো আঞ্চলিক অফিস

(Complaints_office_09@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
600 Harrison Street, Third Floor
San Francisco, CA 94107-1387
টেলিফোন 1-800-347-3739
ফ্যাক্স (415) 489-6558 * TTY (415) 489-6564

আলাস্কা, ইডাহো, ওরেগন এবং ওয়াশিংটনের জন্য:

সিয়েট্‌ল্‌ আঞ্চলিক অফিস

(Complaints_office_10@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Seattle Federal Office Building
909 First Avenue, Room 205
Seattle, WA 98104-1000
টেলিফোন (206) 220-5170 অথবা 1-800-877-0246
ফ্যাক্স (206) 220-5447 * TTY (206) 220-5185

যদি আপনার নিকটতম আঞ্চলিক অফিসে যোগাযোগ করার পরেও আপনার প্রশ্ন থাকে - তাহলে আপনি পুনরায় এর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়:

U.S. Department of Housing and Urban Development
Office of Fair Housing and Equal Opportunity
451 7th Street, S.W., Room 5204
Washington, DC 20410-2000
টেলিফোন 1-800-669-9777
ফ্যাক্স (202) 708-1425 * TTY 1-800-927-9275
www.hud.gov/fairhousing

যদি আপনি প্রতিবন্ধী হন: তাহলে HUD আরও যা দেবে:

- বধির/কানে কম শোনেন এমন ব্যবহারকারীদের জন্য TTY ফোন (নিকটতম HUD অফিসের জন্য উপরের তালিকাটি দেখুন)
- দোভাষী টেপ এবং ব্রেইল সামগ্রী
- পড়া এবং ফর্ম পূরণ করার সময় সহায়তা

যখন আবেদন জমা দেন তখন কী হয়?

যখন ফেয়ার হাউজিং অ্যাক্ট এর অধীনে নথিভুক্ত হওয়ার জন্য আপনার আবেদনটি গৃহীত হবে, তখন HUD আপনাকে লিখিত বিজ্ঞপ্তি মারফত জানাবে। HUD আরও যা করবে:

- আইন লঙ্ঘনকারী বিবাদী পক্ষকে আপনার অভিযোগ নথিভুক্ত করার বিষয়ে জানাবে এবং বিবাদী পক্ষকে অভিযোগের একটি লিখিত জবাব জমা দেওয়ার অনুমতি দেবে।
- আপনার অভিযোগটির তদন্ত করবে এবং নির্ধারণ করবে যে বিবাদী পক্ষ ফেয়ার হাউজিং অ্যাক্ট লঙ্ঘন করেছে বলে মনে করার পিছনে যুক্তিসম্মত কারণ আছে কি না।
- আপনার অভিযোগ জমা দেওয়ার 100 দিনের মধ্যে HUD যদি অনুসন্ধান সম্পূর্ণ করতে না পারে তাহলে আপনাকে এবং বিবাদী পক্ষকে জানাবে এবং দেরি হওয়ার কারণ দর্শাবে।

ফেয়ার হাউজিং অ্যাক্ট সম্পর্কিত মীমাংসা: অভিযোগের অনুসন্ধান চলাকালীন HUD আপনাকে এবং বিবাদী পক্ষকে একটি মীমাংসা চুক্তির মাধ্যমে আপনার অভিযোগের সমাধানের সুযোগ দেবে। মীমাংসা চুক্তি ব্যক্তি হিসেবে আপনাকে পরিত্রাণ দেবে এবং ভবিষ্যতে বৈষম্যমূলক আচরণ থেকে বিরত করে জনস্বার্থ সুরক্ষিত রাখার কাজ করবে। একবার আপনার এবং বিবাদী পক্ষের মধ্যে মীমাংসা চুক্তি স্বাক্ষরিত হলে এবং HUD সেই চুক্তি অনুমোদন করলে, HUD আপনার অভিযোগের তদন্ত বন্ধ করে দেবে। যদি আপনি মনে করেন যে বিবাদী পক্ষ আপনার মীমাংসা চুক্তি লঙ্ঘন করেছে অথবা তা ভঙ্গ করেছে, তাহলে আপনি শীঘ্র সেই HUD অফিসকে জানাবেন যারা আপনার অভিযোগের তদন্ত করেছে। যদি HUD নির্ধারণ করে যে বিবাদী পক্ষ চুক্তি লঙ্ঘন করেছে এমন মনে করার যুক্তিসম্মত কারণ আছে, তাহলে HUD মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগকে ফেডারেল ডিস্ট্রিক্ট আদালতে বিবাদী পক্ষর বিরুদ্ধে মামলা দায়ের করে চুক্তির শর্তাবলী বলবৎ করার জন্য অনুরোধ জানাবে।

স্টেট অথবা স্থানীয় পর্যায়ের ফেয়ার হাউজিং এজেন্সির কাছে অভিযোগ সুপারিশসহ পাঠানো: যদি HUD এই মর্মে প্রত্যয়ন করে থাকে যে আপনার স্টেট অথবা স্থানীয় সরকারি বৈষম্যমুক্ত আবাসন এজেন্সি এমন গণ অধিকার আইন অথবা অধ্যাদেশ বলবৎ করে থাকে যাতে এমন অধিকার, সমাধান এবং সুরক্ষার ব্যবস্থা আছে যা ফেয়ার হাউজিং অ্যাক্ট এর "যথেষ্ট সমতুল্য", তাহলে HUD দ্রুত আপনার অভিযোগটি সেই এজেন্সির কাছে অনুসন্ধানের জন্য পাঠাবে এবং আপনাকে দ্রুত এই সুপারিশসহ প্রেরণের ব্যাপারে জানাবে। স্টেট অথবা স্থানীয় এজেন্সি আপনার অভিযোগটিকে স্টেট অথবা স্থানীয় গণ অধিকার আইন অথবা অধ্যাদেশের "যথেষ্ট সমতুল্য" হিসেবে তদন্ত করবে। HUD কর্তৃক সুপারিশসহ প্রেরণের 30 দিনের মধ্যে স্টেট অথবা স্থানীয় সরকারি বৈষম্যমুক্ত আবাসন এজেন্সি অবশ্যই আপনার অভিযোগের তদন্ত শুরু করবে অথবা HUD ফেয়ার হাউজিং অ্যাক্ট এর অধীনে তদন্ত করে দেখার জন্য অভিযোগটি পুনরুদ্ধার ("পুনরায় সক্রিয় করা") করতে পারে।

যদি উচ্ছেদ অথবা বিক্রয়ের মাধ্যমে আমি আমার আবাসন হারাই, তাহলে কী হবে?

যদি ফেয়ার হাউজিং অ্যাক্ট এর লঙ্ঘনজনিত কারণে কোনো প্রবল সমস্যা থামাতে অথবা প্রতিরোধ করতে আপনার অবিলম্বে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আপনি অভিযোগ দায়ের করার সঙ্গে সঙ্গেই HUD আপনাকে সাহায্য করতে পারে। HUD মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগকে ক্ষমতা প্রদান করতে পারে যাতে তারা বিবাদী পক্ষের বিরুদ্ধে ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্ট-এ সাময়িক নিয়ন্ত্রণমূলক আদেশ অর্থাৎ টেম্পোরারি রেস্ট্রেইনিং অর্ডার (TRO) এর প্রস্তাব উত্থাপন করে যার পরে HUD এর তদন্ত সম্পূর্ণ না হওয়া পর্যন্ত একটি প্রারম্ভিক স্থগিতাদেশ পাওয়া যায়। সেই সব মামলায় একজন ফেডারেল বিচারক বিবাদী পক্ষের বিরুদ্ধে TRO অথবা প্রারম্ভিক স্থগিতাদেশ দিতে পারেন যেখানে:

- HUD হস্তক্ষেপ না করলে আবাসন সংক্রান্ত অধিকারের অপূরণীয় (অপরিবর্তনীয়) ক্ষতি অথবা আঘাতপ্রাপ্ত হওয়ার সম্ভাবনা আছে; এবং
- এমন যথেষ্ট সাক্ষ্যপ্রমাণ আছে যাতে বোঝা যায় যে বিবাদী পক্ষ ফেয়ার হাউজিং অ্যাক্ট লঙ্ঘন করেছে।

উদাহরণ: একজন মালিক বাড়ি বিক্রি করতে রাজি হলেন, কিন্তু ক্রেতারা কৃষ্ণাঙ্গ এটা জানার পরে তিনি বাড়ি বিক্রির প্রস্তাব বাজার থেকে তুলে নিলেন এবং তারপরে দ্রুত সেটি পুনরায় বিক্রির জন্য তালিকাভুক্ত করলেন। ক্রেতরা HUD এর কাছে বৈষম্যমূলক আচরণের অভিযোগ দায়ের করল। এক্ষেত্রে HUD মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগকে ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টের কাছে একটি স্থগিতাদেশের জন্য আবেদন করার ক্ষমতা প্রদান করতে পারে যাতে HUD অভিযোগটির তদন্ত সম্পূর্ণ না করা পর্যন্ত বিক্রেতা বাড়িটি বিক্রি করতে না পারেন।

অভিযোগের তদন্ত করার পরে কী হবে?

যুক্তিসম্মত কারণ নির্ধারণ, বৈষম্যমূলক আচরণের অভিযোগ আনা এবং নির্বাচন: যখন আপনার অভিযোগের তদন্ত সম্পূর্ণ হবে তখন তদন্ত চলাকালীন যেসব সাক্ষ্যপ্রমাণ জড়ো করা হয়েছে সেগুলির সারসংক্ষেপ দিয়ে HUD তদন্তের চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করবে। যদি HUD নির্ধারণ করে যে এমন মনে করার যুক্তিসম্মত কারণ আছে যে বিবাদী পক্ষ আপনার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করেছে, তাহলে HUD যুক্তিসম্মত কারণ নির্ধারণ করবে এবং বিবাদী পক্ষের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণের অভিযোগ আনবে। এই অভিযোগের নোটিশ পাওয়ার পরে আপনি এবং বিবাদী পক্ষ বিশ (20) দিন এই সিদ্ধান্ত নেওয়ার সময় পাবেন যে আপনার মামলাটির শুনানি HUD প্রশাসনিক আইন বিচারক অর্থাৎ অ্যাডমিনিস্ট্রেটিভ ল জাজ (ALJ) এর কাছে হবে নাকি ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্ট-এ একটি দেওয়ানি মামলা হবে।

HUD প্রশাসনিক আইন বিচারকের শুনানি: যদি 20-দিনের নির্বাচনী মেয়াদকাল সমাপ্ত হওয়ার আগে আপনি অথবা বিবাদী পক্ষ কেউই ফেডারেল আদালতে দেওয়ানি মামলার পক্ষে সায় না দেন, তাহলে HUD দ্রুত HUD প্রশাসনিক আইন বিচারকের (ALJ) কাছে আপনার মামলার শুনানির সময়সূচি নির্ধারণ করবে। ALJ শুনানিটি সেই এলাকায় পরিচালিত হবে যেখানে বৈষম্যমূলক আচরণের অভিযোগ পাওয়া গেছে। ALJ শুনানি চলাকালীন আপনার এবং বিবাদী পক্ষের অধিকার থাকবে নিজে শুনানিতে উপস্থিত থাকার, একজন আইনি কৌঁসুলি দ্বারা আপনার প্রতিনিধিত্ব করার, সাক্ষ্যপ্রমাণ উপস্থিত করার, সাক্ষীদের জেরা করার এবং সাক্ষ্যপ্রমাণ আবিষ্কারে সাহায্য করার লক্ষ্যে তলবনামার জন্য অনুরোধ করার। শুনানি চলাকালীন HUD এর অ্যাটর্নিরা বিনা ব্যয়ে আপনার প্রতিনিধিত্ব করবেন; তবে, আপনি মামলায় হস্তক্ষেপ করতে এবং আপনার নিজের অ্যাটর্নি রাখতে পছন্দ করতে পারেন। শুনানির সমাপ্তিতে HUD ALJ বাস্তব তথ্য আবিষ্কার এবং আইন বিচারপূর্বক একটি সিদ্ধান্ত জারি করবেন। যদি HUD ALJ এই মর্মে সিদ্ধান্ত নেন যে বিবাদী পক্ষ ফেয়ার হাউজিং অ্যাক্ট লঙ্ঘন করেছে, তাহলে বিবাদী পক্ষকে এই মর্মে আদেশ দেওয়া যেতে পারে:

- বাস্তবে আপনার যে ক্ষতি হয়েছে তার জন্য ক্ষতিপূরণ দেওয়া যার অন্তর্ভুক্ত হল পকেট থেকে আপনি যে অর্থ ব্যয় করেছেন এবং অপনার মানসিক দুর্গতিজনিত যে ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ
- স্থায়ী স্থগিতাদেশের মাধ্যমে পরিত্রাণ দেওয়া।
- প্রাসঙ্গিক ন্যায্য ত্রাণ (যেমন, আবাসনটি আপনার কাছে লভ্য করা)।
- আপনার অ্যাটর্নির যুক্তিসম্মত ফি মিটিয়ে দেওয়া।

- জনস্বার্থের সপক্ষে HUD-কে দেওয়ানি জরিমানা দেওয়া। এই দেওয়ানি জরিমানার সর্বোচ্চ পরিমাণ হতে পারে: আইন প্রথম বার লঙ্ঘনের জন্য $16,000.00; $37,500.00 যদি পূর্বের পাঁচ বছরের মধ্যে আরেকবার আইন লঙ্ঘন হয়ে থাকে তাহলে; এবং $65,000.00 যদি আগের সাত বছরের মধ্যে দুই অথবা ততোধিক বার আইন লঙ্ঘন হয়ে থাকে।

ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্ট-এ দেওয়ানি বিচার: যদি আপনি অথবা বিবাদী পক্ষ আপনার অভিযোগ নিয়ে একটি ফেডারেল দেওয়ানি মামলা পছন্দ করেন, তাহলে HUD অবশ্যই আপনার মামলাটি বলবৎ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের কাছে পাঠাবে। মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ আপনার পক্ষ নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের সেই ডিস্ট্রিক্ট এর ডিস্ট্রিক্ট কোর্ট-এ একটি দেওয়ানি মামলা করবে যেখানে যে বৈষম্যমূলক আচরণের অভিযোগ আনা হয়েছে সেটি ঘটেছিল। আপনিও এই মামলায় হস্তক্ষেপ করতে পারেন এবং আপনার নিজের অ্যাটর্নিকে রাখতে পারেন। আপনি অথবা বিবাদী পক্ষ জুরির বিচারের জন্য অনুরোধ করতে পারেন এবং আপনাদের উভয়ের অধিকার থাকবে নিজে শুনানিতে উপস্থিত থাকার, একজন আইনি কৌঁসুলি দ্বারা আপনার প্রতিনিধিত্ব করার, সাক্ষ্যপ্রমাণ উপস্থিত করার, সাক্ষীদের জেরা করার এবং সাক্ষ্যপ্রমাণ আবিষ্কারে সাহায্য করার লক্ষ্যে তলবনামার জন্য অনুরোধ করার। যদি ফেডারেল কোর্ট আপনার পক্ষে সিদ্ধান্ত নেয়, তাহলে একজন বিচারক অথবা জুরি বিবাদীপক্ষকে এই মর্মে আদেশ দিতে পারে:

- বাস্তবে আপনার যে ক্ষতি হয়েছে তার জন্য ক্ষতিপূরণ দেওয়া যার অন্তর্ভুক্ত হল পকেট থেকে আপনি যে অর্থ ব্যয় করেছেন এবং আপনার মানসিক দুর্গতিজনিত যে ক্ষতি হয়েছে তার জন্য ক্ষতিপূরণ
- স্থায়ী স্থগিতাদেশের মাধ্যমে পরিত্রাণ দেওয়া।
- প্রাসঙ্গিক ন্যায্য ত্রাণ (যেমন, আবাসনটি আপনার কাছে লভ্য করা)।
- আপনার অ্যাটর্নির যুক্তিসম্মত ফি মিটিয়ে দেওয়া।
- আপনাকে শাস্তিমূলক ক্ষতিপূরণ দেওয়া।

কোনো যুক্তিসম্মত কারণ নেই এমন নির্ধারণ এবং মামলা খারিজ করা: যদি HUD আবিষ্কার করে যে এমন বিশ্বাস করার কোনো যুক্তিসম্মত কারণ নেই যে বিবাদী পক্ষ অ্যাক্ট লঙ্ঘন করেছে, তাহলে কোনো যুক্তিসম্মত কারণ নেই এমন নির্ধারণপূর্বক HUD আপনার অভিযোগটি খারিজ করে দেবে। HUD মামলা খারিজের ব্যাপারে আপনাকে এবং বিবাদী পক্ষকে ডাকযোগে জানাবে এবং আপনি চূড়ান্ত তদন্ত প্রতিবেদনের একটি অনুলিপির জন্য অনুরোধ করতে পারেন।

কোনো যুক্তিসম্মত কারণ নেই এমন নির্ধারণের বিষয়ে পুনর্বিবেচনা: HUD এর খারিজ করা অভিযোগের বিরুদ্ধে কোনো আনুষ্ঠানিক আপিল দায়ের করার সুযোগ ফেয়ার হাউজিং অ্যাক্ট-এ নেই। তবে যদি কোনো যুক্তিসম্মত কারণ নেই এমন নির্ধারণপূর্বক আপনার অভিযোগটি খারিজ করে দেওয়া হয়, তাহলে আপনি সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য একটি লিখিত অনুরোধ জমা দিতে পারেন এই ঠিকানায়: **Director, FHEO Office of Enforcement, U.S. Department of Housing and Urban Development, 451 7th Street, SW, Room 5206, Washington, DC 20410-2000**

এছাড়াও

আপনি একটি ব্যক্তিগত মামলা দায়ের করতে পারেন: প্রথমে HUD এর কাছে অভিযোগ দায়ের করার আগে আপনি একটি ব্যক্তিগত দেওয়ানি মামলা দায়ের করতে পারেন। যে বৈষম্যমূলক পদক্ষেপের বিরুদ্ধে অভিযোগ জানানো হচ্ছে তার সাম্প্রতিকতম তারিখের দুই (2) বছরের মধ্যে আপনাকে অবশ্যই মামলা দায়ের করতে হবে।

যদি আপনি HUD এর কাছে অভিযোগ দায়ের করেন এবং HUD যদি আপনার অভিযোগটি খারিজও করে দেয়, তাহলেও ফেয়ার হাউজিং অ্যাক্ট আপনাকে ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্ট-এ বিবাদী পক্ষের বিরুদ্ধে একটি ব্যক্তিগত দেওয়ানি মামলা দায়ের করার অধিকার দেবে। HUD আপনার অভিযোগের প্রক্রিয়াকরণের জন্য যে সময় নিয়েছিল তা মামলা দায়ের করার 2-বছরের সময়কালের মধ্যে ধরা হবে না। আপনাকে এই মামলা নিজের খরচে দায়ের করতে হবে; তবে যদি অ্যাটর্নির ফি জোগাড় করা আপনার সাধ্যাতীত হয়, তাহলে কোর্ট আপনার জন্য একজন অ্যাটর্নি নিযুক্ত করতে পারে।

যদি এমন হয় যে HUD তখনও আপনার অভিযোগের প্রক্রিয়াকরণ করছে, তাহলেও আপনি বিবাদী পক্ষের বিরুদ্ধে একটি ব্যক্তিগত দেওয়ানি মামলা দায়ের করতে পারেন, যদি না (1) আপনার অভিযোগটির সমাধানে আপনি ইতিমধ্যেই HUD মীমাংসা চুক্তিতে স্বাক্ষর করে থাকেন; অথবা (2) একজন HUD প্রশাসনিক আইন বিচারক আপনার অভিযোগের বিষয়ে একটি প্রশাসনিক শুনানি শুরু করে থাকেন।

আবাসন সংক্রান্ত বৈষম্যের বিরুদ্ধে লড়াই করার অন্যান্য সরঞ্জাম:

- যদি প্রশাসনিক আইন বিচারকের আদেশ অমান্য করা হয়, তাহলে HUD মার্কিন যুক্তরাষ্ট্রের আপিল আদালতে সাময়িক পরিত্রাণ, আদেশ বলবৎকরণ অথবা একটি নিয়ন্ত্রণমূলক আদেশের জন্য আবেদন করতে পারে।
- যদি এমন মনে করার পিছনে যুক্তিসম্মত কারণ থাকে যে আবাসন সংক্রান্ত বৈষম্যের একটি নির্দিষ্ট বিন্যাস অথবা ধারা পরিলক্ষিত হচ্ছে, তাহলে অ্যাটর্নি জেনারেল ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্ট-এ একটি মামলা দায়ের করতে পারেন।

মন্তব্য
বৈষম্যমুক্ত আবাসন
সকলের জন্য সমান সুযোগ

মন্তব্য

মন্তব্য
বৈষম্যমুক্ত আবাসন
সকলের জন্য সমান সুযোগ

মন্তব্য

আরও তথ্যের জন্য

এই পুস্তিকাটির উদ্দেশ্য হল বৈষম্যমুক্ত আবাসন সংক্রান্ত আপনার অধিকারগুলির সংক্ষিপ্তসার উপস্থাপিত করা। ফেয়ার হাউজিং অ্যাক্ট এবং HUD এর প্রবিধানে আরও বিস্তারিত এবং প্রকৌশলগত তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে। যদি আপনি আইন অথবা প্রবিধানের একটি অনুলিপি চান, তাহলে আপনার নিকটতম HUD ফেয়ার হাউজিং অফিসের সঙ্গে যোগাযোগ করুন। HUD ফেয়ার হাউজিং অফিসের তালিকার জন্য পৃষ্ঠা 6-9 দেখুন।

HUD-এর সঙ্গে যোগসূত্র স্থাপন করুন

Department of Housing And Urban Development
Room 5204
Washington, DC 20410-2000

02305

HUD-1686-1-FHEO
2011

অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন: www.hud.gov/fairhousing